রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**পরিকল্পনা শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৬ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং-৩৭৫-আইন/২০২২।**—যেহেতু রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ (২০১৮ সনের ৩ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এর এখতিয়ারাধীন ৩৬৫.৫৫ বর্গকিলোমিটার এলাকার মহাপরিকল্পনা [Rajshahi Metropolitan Development Plan (RMDP) (2022-2041)] গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ২৫.০৩০.০১৪.০৩.০০.০১৩.২০১৪ (অংশ-১)/৫২, তারিখ: ১৬ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে প্রাক্-প্রকাশ করিয়া উহার উপর আপত্তি বা সুপারিশ দাখিল করিবার জন্য সর্বসাধারণের নিকট আহ্বান করা হইয়াছিল; এবং

যেহেতু সর্বসাধারণের নিকট হইতে প্রাপ্ত আপত্তি ও সুপারিশ বিবেচনা করিয়া রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ নিম্নবর্ণিত তফসিলে উল্লিখিত মহাপরিকল্পনা [Rajshahi Metropolitan Development Plan (RMDP) (2022-2041)] অনুমোদনের জন্য সরকারের নিকট প্রেরণ করিয়াছে;

সেহেতু উক্ত আইন এর ধারা ১২ এর উপধারা (৫) এর বিধান অনুযায়ী সরকার নিম্নবর্ণিত তফসিলে উল্লিখিত মহাপরিকল্পনা [Rajshahi Metropolitan Development Plan (RMDP) (2022-2041)] অনুমোদন করিল এবং এতদ্দ্বারা উহা চূড়ান্ত প্রকাশ করিল।



**মূল্য :** টাকা ৪·০০

২। ১৫ জুন, ২০০৫ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৭৭-আইন/২০০৫ দ্বারা প্রকাশিত রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এর এখতিয়ারাধীন ৩৬৪.১৯ বর্গকিলোমিটার এলাকার General Development Plan এবং Functional Master Plan এতদ্দ্বারা রহিত করা হইল এবং এইরূপ রহিতকরণ সত্ত্বেও উহার অধীন কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা বৈধ বলিয়া গণ্য হইবে।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**তফসিল**

মহাপরিকল্পনা [Rajshahi Metropolitan Development Plan (RMDP) (2022-2041)]
[Volume-I (Master Plan) এবং Volume-II (Detailed Area Plan)]
**[পৃথকভাবে মুদ্রিত]**

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তারিক হাসান**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd